

# ১ জুলাই থেকে সর্বাঙ্গিক কর্মবিরতির হুঁশিয়ারি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের



ছবি- সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৪ জুন ২০২৪ | ১৯:৫৮



অর্থ মন্ত্রণালয় থেকে গত ১৩ মার্চ জারি করা পেনশন সংক্রান্ত প্রজ্ঞাপন প্রত্যাহারসহ তিন দাবি কার্যকরে পদক্ষেপ না নেওয়া হলে সর্বাঙ্গিক কর্মবিরতিতে যাওয়ার ঘোষণা দিয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন।

মঙ্গলবার ফেডারেশনের সভাপতি অধ্যাপক ড. আখতারুল ইসলাম এবং মহাসচিব অধ্যাপক ড. নিজামুল হক ভূঁইয়ার সই করা সংবাদ বিজ্ঞপ্তিতে আগামী ১ জুলাই থেকে কর্মবিরতিতে যাওয়ার ঘোষণা দেওয়া হয়।



শিক্ষকদের বাকি দুই দাবি হলো- সুপার গ্রেডে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অন্তর্ভুক্তি এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তন।

এসব দাবি আদায়ে ফেডারেশনের আন্দোলন চলমান উল্লেখ করে বিজ্ঞপ্তিতে বলা হয়, আন্দোলনের অংশ হিসেবে মঙ্গলবার সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে অর্ধদিবস কর্মবিরতি পালন করা হয়েছে। এ ছাড়া প্রজ্ঞাপন জারির পর থেকে শিক্ষকরা এখন পর্যন্ত নিয়মতান্ত্রিকভাবে বিভিন্ন কর্মসূচি পালন করে আসছেন। তবে নিয়মতান্ত্রিক আন্দোলনের পরও সরকার কোনো কার্যকর পদক্ষেপ নেয়নি। দাবি মেনে নেওয়া না হলে তাদের কর্মসূচি সর্বাঙ্গিক আন্দোলনে পরিণত হবে।

বিজ্ঞপ্তিতে ফেডারেশনের পক্ষ থেকে তিন দফা কর্মসূচি ঘোষণা করা হয়। এগুলো হলো- আগামী ২৫, ২৬ ও ২৭ জুন অর্ধ দিবস কর্মবিরতি পালন, ৩০ জুন পূর্ণ দিবস কর্মবিরতি এবং ১ জুলাই থেকে দাবি আদায় না হওয়া পর্যন্ত পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সর্বাঙ্গিক কর্মবিরতি পালিত হবে। তবে প্রথম ও দ্বিতীয় কর্মসূচির ক্ষেত্রে পরীক্ষা এর আওতামুক্ত থাকবে।